

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১১৯

৩০/ বিচার-ফায়সালা (كتاب الأقضية)

পরিচ্ছেদঃ ৩০/৭. রাগাম্বিত অবস্থায় বিচারকের বিচার করা অপছন্দনীয়।

كراهة قضاء القاضى وهو غضبان

আরবী

حديث أَبِي بَكْرَةَ، أَنَّهُ كَتَبَ إِلَى ابْنِهِ، وَكَانَ بِسِجِسْتَانَ، بِأَنْ لاَ تَقْضِيَ بَيْنَ اثْنَيْنِ وَأَنْتَ غَضْبَانُ، فَإِنِّي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: لاَ يَقْضِيَنَّ حَكَمٌ بَيْنَ اثْنَيْنِ وَهُوَ غَضْبَانُ وَهُو غَضْبَانُ

বাংলা

১১১৯. আবু বাকরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন যে, আবূ বকরাহ (রাঃ) তাঁর ছেলেকে লিখে পাঠালেন— সে সময় তিনি সিজিস্তানে অবস্থানরত ছিলেন যে, তুমি রাগের অবস্থায় বিবদমান দু'ব্যক্তির মাঝে ফায়সালা করো না। কেননা, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, কোন বিচারক রাগের অবস্থায় দু'জনের মধ্যে বিচার করবে না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯৩ : আহকাম, অধ্যায় ১৩, হাঃ ৭১৫৮; মুসলিম, পর্ব ৩০: বিচার-ফায়সালা, অধ্যায় ৭, হাঃ ১৭১৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন